ইত্তেফাক

তারিখ ... 2.1.85 ... ...

পৃষ্ঠা... ... ... কলাম... ... ...

038



## মওলানা বাকীবিল্লাহ্ খানের ইন্তেকাল

( ইত্তেফাক রিপোর্ট )

প্রখ্যাত শিক্ষাবিদ ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক আলহাজ মওলানা বাকী বিল্লাহ খান গতকাল (বুধবার) অপরাহ্নে ৫৪ বৎসর বয়সে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ইন্তেকাল করিয়াছেন (ইন্নালিল্লাহে ...... রাজেউন)। গতরাতে বাদ এশা বায়তুল মোকাররম মসজিদে মরহুমের নামাজে জানাজা অনুষ্ঠিত হয়।

বিখ্যাত আলেম মওলানা আবদুল আলী খানের পুত্র জনাব বাকী বিল্লাহ খান ১৯২৯ সালে বরিশালের হিজলা উপজেলার সেমোনিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। কলিকাতা আলিয়া মাদ্রাসা হইতে ফাজিল পাস করার পর তিনি ঢাকাস্থ ইসলামিয়া ইন্টারমিডিয়েট কলেজ হইতে প্রথম বিভাগে প্রথম স্থান অধিকার করিয়া আই, এ পাস করেন। ইহাছাড়া স্বর্ণ পদকসহ তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে ইসলামী শিক্ষা বিষয়ে অনার্সসহ এম, এ পরীক্ষায় প্রথম বিভাগে প্রথম স্থান লাভ করেন। কর্মজীবনে তিনি ইসলামিয়া স্কুলে প্রধান শিক্ষক, জগন্নাথ কলেজে প্রভাষক, দৌলতপুর বিএল ও বরিশাল বিএম কলেজের উপাধ্যক্ষ, সিলেট এম,সি, কলেজের অধ্যক্ষ এবং বাংলাদেশ সরকারের সহকারী শিক্ষা পরিচালক ছিলেন। তিনি স্ত্রী, ৭ কন্যা ও অসংখ্য গুণগ্রাহী রাখিয়া গিয়াছেন।